

অধ্যাপক আবুল কাসেম মাদ্রাসা বোর্ডের নতুন চেয়ারম্যান

■ সমকাল প্রতিবেদক
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের
নতুন চেয়ারম্যান হিসেবে নিয়োগ
পেয়েছেন কুমিল্লা শিক্ষা বোর্ডের
চেয়ারম্যান অধ্যাপক আবুল কাসেম
মিয়া। গত বুধবার সন্ধ্যায় শিক্ষা
মন্ত্রণালয় এ নিয়োগ-সংক্রান্ত আদেশ
জারি করে। তিনি গতকাল
বৃহস্পতিবার সকালে মাদ্রাসা বোর্ডে
যোগদান করেন। মুক্তিযোদ্ধা
অধ্যাপক আবুল কাসেম মিয়া এর
আগে শিক্ষা প্রশাসনের বিভিন্ন
গুরুত্বপূর্ণ দায়িত্বে ছিলেন। তিনি
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের
(মাউশি) পরিচালক, জাতীয়
শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের
সদস্যসহ দীর্ঘদিন সরকারি কলেজের
অধ্যক্ষ হিসেবে কাজ করেছেন।